



বাংলাদেশের
প্রশিক্ষণ
Banglad



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/২২, ব্লক-এ, রোড নং-০৩, গুয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-০৯/২০১৫/২০২২১৩

তারিখ: ০৬ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ
১৯ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

নামদারপুর ফাজিল মাদরাসা, ডাকঘর: কুতুবপুর, উপজেলা: সখিপুর, জেলা: টাঙ্গাইল এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ১৮.১০.২০২১ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অনুসৃত অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০২২ খ্রি. থেকে ২৬.০৪.২০২৩ খ্রি. পর্যন্ত (০১ এক) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

শর্তসমূহ :

১. মাদরাসার সকল শূন্য পদের নিয়োগ যথাযথভাবে সম্পন্ন করতে হবে।
২. শ্রেণিকক্ষে মূল কিতাবের ব্যবহার নিশ্চিত করত: গাইড বই আনয়ন নিষিদ্ধ করতে হবে।
৩. প্রতিষ্ঠানের সকল হিসাব নিকাশ হালনাগাদ করতে হবে এবং অর্থ ও প্রশাসনিক সকল অনুমোদন সভাপতির স্বাক্ষর থাকতে হবে।
৪. শিক্ষক মন্ডলী শ্রেণিকক্ষে ও অনলাইনে পাঠদানে আন্তরিক হতে হবে।
৫. বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নারকে যুগোপযোগী করে সাজাতে হবে।
৬. ফাজিল শ্রেণির শিক্ষার্থী সংখ্যা অবশ্যই বৃদ্ধি করতে হবে।
৭. মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসার নাম এবং “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লিখতে হবে।
৮. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

Dmd 19.04.2022

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মোবাইল নম্বর: ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

নামদারপুর ফাজিল মাদরাসা

সখিপুর, টাঙ্গাইল।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ ঢা-০৯/২০১৫/২০২২১৩

তারিখ: ০৬ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ
১৯ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কাউন্সিলের সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পিএস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (গুয়েস্ট সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, নামদারপুর ফাজিল মাদরাসা, সখিপুর, টাঙ্গাইল
৭. অফিস নথি।

Muhammad 19.04.2022

(মুহাম্মদ আখলাকুল আম্বিয়া)

সেকশন অফিসার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মোবাইল নম্বর- ০১৬১৫ ৬২২১৫১